

দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০২৬

দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০২৬

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে বাংলাদেশি মালিকানাধীন এবং বাংলাদেশ থেকে প্রকাশিত ও প্রচারিত সংবাদপত্র, অনলাইন নিউজ পোর্টাল ও টেলিভিশনে কর্মরত সাংবাদিকদের কাছ থেকে নিম্নোক্ত তিনটি বিভাগে প্রস্তাবনা আহ্বান করছে-

বিভাগ	ফেলোশিপ সংখ্যা
সাধারণ (শিক্ষা, স্বাস্থ্য, ভূমি ও নির্মাণ খাতসহ অন্যান্য)	৪টি
জ্বালানি খাতে সুরক্ষা	১টি
বর্জ্য, পরিবেশ ও জলবায়ু সুরক্ষা	৫টি

চূড়ান্তভাবে নির্বাচিত ফেলোদের প্রত্যেককে সম্মানী হিসেবে মোট ১০০,০০০ (এক লক্ষ) টাকা, ফ্রেন্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

ফেলোশিপ প্রাপ্তির যোগ্যতা

- দৈনিক সংবাদপত্র, টেলিভিশন, রেডিও এবং অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত ন্যূনতম ৩ বছরের পূর্ণকালীন কাজের অভিজ্ঞতা;
- ন্যূনতম একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রণয়ন/প্রস্তুত করার অভিজ্ঞতা; এবং
- বয়স সর্বোচ্চ ৪০ বছর।

আবেদনের নিয়মাবলী

প্রস্তাবনা জমা দেওয়ার আগে নির্দিষ্ট নিয়মাবলী সতর্কতার সঙ্গে পড়ুন

তিনটি বিভাগেই প্রস্তাবনাসমূহ নির্ধারিত ফরম্যাট ও নিয়ম মেনে শুধুমাত্র <https://ti-bangladesh.org/ijf> এই ঠিকানায় অনলাইনে জমা দেওয়া যাবে। সশরীরে, ডাকযোগে, কুরিয়ার সার্ভিস, ই-মেইল বা অন্যকোনো মাধ্যমে পাঠানো কোনো প্রস্তাবনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

প্রস্তাবনা জমা দেওয়ার ক্ষেত্রে অনলাইনে নির্ধারিত বিভাগের জন্য নির্দিষ্ট ফরমটি নির্বাচন করে প্রয়োজনীয় সকল তথ্য যথানিয়মে পূরণ করতে হবে। পাশাপাশি প্রয়োজনীয় নথিপত্র যথাস্থানে আপলোড করতে হবে। অসম্পূর্ণ ফরম কোনোভাবেই মূল্যায়নের জন্য গৃহীত হবে না।

আবেদনকারীর কর্মপ্রতিষ্ঠানের সম্পাদক/নির্বাহী প্রধানের স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ ও ফেলোশিপে অংশগ্রহণের অনুমতিপত্রের স্ক্যান কপি অনলাইন ফরমের নির্ধারিত স্থানে যথানিয়মে আপলোড করতে হবে।

আবেদনকারীর সংক্ষিপ্ত “জীবন বৃত্তান্ত” অনলাইন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই আপলোড করতে হবে।

আবেদনকারীকে সর্বোচ্চ ১ হাজার শব্দের মধ্যে উল্লিখিত বিষয়সংশ্লিষ্ট একটি অনুসন্ধানী প্রতিবেদনের “প্রস্তাবনা ও পরিকল্পনা” অনলাইন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই আপলোড করতে হবে।

প্রস্তাবনায় প্রতিবেদনের যৌক্তিকতা, ফেলোশিপ কর্মসূচির প্রত্যাশিত ফল এবং মাঠ-কর্মকাণ্ডের পরিকল্পনা, সময়সূচি ও সম্ভাব্য বাজেট উল্লেখ করতে হবে।

আবেদনকারী কর্তৃক প্রণীত বা প্রস্তুতকৃত একটি অনুসন্ধানী প্রতিবেদন, যা ইতোমধ্যে প্রকাশিত বা প্রচারিত হয়েছে, তা অনলাইন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই আপলোড করতে হবে।

ইতিপূর্বে যারা টিআইবির অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ পেয়েছেন, তারা এই ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না;

টিআইবি ট্রাস্টিবোর্ড কর্তৃক মনোনীত জুরিবোর্ড প্রার্থী প্রদত্ত সকল তথ্য, প্রস্তাবনা, পরিকল্পনা মূল্যায়ন এবং সাক্ষাৎকারের ভিত্তিতে চূড়ান্ত ফেলো নির্বাচন করবেন। চূড়ান্ত ফেলো নির্বাচনের দিন থেকে (টিআইবি নির্ধারিত পরামর্শকের সহায়তায়) ফেলোশিপের সময়কাল তিন মাস।

প্রস্তাবনা জমা দিতে সংশ্লিষ্ট বিভাগে ভিজিট করুন 
🌐 <https://ti-bangladesh.org/ijf>

প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখ : ১৫ জুন ২০২৬

যোগাযোগ: আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার, লেভেল-৪ ও ৫, বাড়ি-০৫, সড়ক-২৭ (পুরাতন) ১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯
ফোন: +৮৮০ ২ ৪১০২১২৬৭-৬৯